গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফরিদপুর সদর, ফরিদপুর

ফরিদপুর সদর উপজেলা ব্লক গ্রান্ট কো-অর্ডিনেশন(বিজিসিসি) কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী:

**সভাপতি:** জনাব লিটন ঢালী
উপজেলা নির্বাহী অফিসার
ফরিদপুর সদর, ফরিদপুর।
**সভার স্থান:** উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ফরিদপুর সদর, ফরিদপুর।

**সভার তারিখ:** ৩০/০৫/২০২৩ খ্রিঃ।
**সভার সময়:** বেলা ০৫:৪১ অপরাহ্ন।
সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোনো সংযোজন ও বিয়োজন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর ফরিদপুর সদর উপজেলার ইউনিয়ন পরিষদসমূহ হতে ২০২২-২০২৩ অর্থ বছরের ইউপি উন্নয়ন সহায়তা খাতে বরাদ্দের অর্থে গৃহীত স্কিমসমূহ সভায় তুলে ধরা হয়। ইউনিয়ন পরিষদসমূহ হতে প্রাপ্ত স্কিমের উপর বিস্তারিত আলোচনা ও যাচাই-বাছাই হয়। কমিটি সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত ইউপি ভিত্তিক স্কিমসমূহ বাস্তবায়নের জন্য অগ্রায়নের সিদ্ধান্ত গ্রহণ করে।

## কানাইপুর :

ইউপি চেয়ারম্যান-জনাব শাহ্ মোহাম্মাদ আলতাফ হুসাইন , মোবাইলঃ । ইউপি সচিব-জনাব ভবেশ কুমার বিশ্বাস, মোবাইলঃ ০১৭১২৭৪১৭৪২ ।

| ক্রমিক নং | স্কিমের নাম ও অবস্থান | বরাদ্দের অর্থবছর | ওয়ার্ড নং | বরাদ্দের ধরণ | স্কিমের সেক্টর | স্কিমের সাব-সেক্টর | প্রাক্কলিত ব্যয় | ক্রয় প্রক্রিয়ার ধরণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | (১) কানাইপুর ইউনিয়নের বিভিন্ন ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী বিতরণ। (২) কানাইপুর ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেন্চ, চেয়ার, ফ্যান ও শিক্ষা সামগ্রী বিতরণ | ২০২২-২০২৩ | ১ | ইউপি উন্নয়ন সহায়তা, বিবিজি | অন্যান্য | অন্যন্য | ৮৩২৯,৩০০.০০ | আরএফকিউ |
| ২ | হোগলাকান্দী শিলবাড়ী ঘাট হতে ত্রিমহনী রাস্তা এইচ বিবি করণ | ২০২২-২০২৩ | ১ | ইউপি উন্নয়ন সহায়তা, বিবিজি | যোগাযোগ | পাকা রাস্তা নির্মাণ | ৮৫০০,০০০.০০ | আরএফকিউ |

| ক্রমিক নং | স্কিমের নাম ও অবস্থান | বরাদ্দের অর্থবছর | ওয়ার্ড নং | বরাদ্দের ধরণ | স্কিমের সেক্টর | স্কিমের সাব-সেক্টর | প্রাক্কলিত ব্যয় | ক্রয় প্রক্রিয়ার ধরণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩ | কানাইপুর সিনেমা হল রোডের ঢালে জলাবদ্ধতা নিরসনে ইট বালু খোয়া দ্বারা মেরামত ও সংস্কার | ২০২২-২০২৩ | ২ | ইউপি উন্নয়ন সহায়তা, বিবিজি | যোগাযোগ | পাকা রাস্তা সংস্কার | ৳৩২৩,৭০০.০০ | আরএফকিউ |
| ৪ | ১) করিমপুর চানপুর রাস্তার পাকুরগাছ হতে ওয়াজেদ মিস্ত্রীর বাড়ী পর্যন্ত মাটির রাস্তা নির্মান। (২) কোশাগোপালপুর মোফাজ্জেলের বাড়ী হতে নদীর ঘাট অভিমূখে রাস্তা ফ্লাট সলিং করণ | ২০২২-২০২৩ | ৪ | ইউপি উন্নয়ন সহায়তা, পিবিজি | যোগাযোগ | মাটির রাস্তা সংস্কার | ৳৪০০,০০০.০০ | আরএফকিউ |
| ৫ | কাশিমাবাদ বাশতলা খালপাড়ের দুলাল মোল্যার বাড়ী হতে বাদশা বেপারীর বাড়ী অভিমূখে ফ্লাট সলিং রাস্তা নির্মান | ২০২২-২০২৩ | ৭ | ইউপি উন্নয়ন সহায়তা, পিবিজি | যোগাযোগ | পাকা রাস্তা নির্মাণ | ৳৪১৩,১০০.০০ | আরএফকিউ |
| ৬ | ফুরসা আয়নাল খার বাড়ী হতে শংকর বাবুর বাড়ী পর্যন্ত মাটির রাস্তা নির্মান | ২০২২-২০২৩ | ৯ | ইউপি উন্নয়ন সহায়তা, বিবিজি | যোগাযোগ | মাটির রাস্তা সংস্কার | ৳৫০০,০০০.০০ | আরএফকিউ |
| **উপ-মোট** | **৳২,৪৬৬,১০০.০০** | | | | | | | |

সভার সভাপতি ইউপি উন্নয়ন সহায়তা খাতে বরাদ্দকৃত ২০২২-২০২৩ অর্থ বছরের অর্থ দ্বারা গৃহীত স্কিমের কাজ প্রাক্কলন মোতাবেক সঠিকভাবে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। তিনি সংশ্লিষ্ট সকলকে স্কিমের কার্যক্রম নিয়মিত তদারকি করার পরামর্শ প্রদান করেন। এছাড়া স্কিমের দ্বৈততা যাতে না ঘটে সে বিষয়ে প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার আহবান জানান।

**সিদ্ধান্তসমূহ:**

সংশ্লিষ্ট ইউনিয়নে দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন প্রস্তুত ও তা অনুমোদন ব্যতীত কাজ শুরু করা যাবেনা।

1. গৃহীত স্কিমসমূহ ওয়ার্ড কমিটি এবং তদারকী কমিটির মাধ্যমে নিয়মিত তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
2. স্কিমের কাজ শুরু করার আগেই সাইনবোর্ড স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।এক্ষেত্রে টিনের সাইনবোর্ড না দিয়ে ইটের গাথুঁনির মধ্যে খোদাই করা সাইনবোর্ড দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
3. ওয়ার্ড সভা থেকে প্রাপ্ত স্কিম ইউনিয়ন পরিষদের সভায় আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং কার্যবিবরণীসহ ছবি নথিতে সংরক্ষণ করতে হবে।

4. কোন স্কিম গ্রহণের পূর্বে সে স্থানের ছবি, কাজ চলমান অবস্থার ছবি এবং স্কিম শেষের ছবি অর্থাৎ তিন সত্মরে কমপক্ষে ০৩টি ছবি নিতে হবে।প্রতিটি স্কিমের ছবি নথিতে সংরক্ষণ করাসহ প্রত্যয়ন নেয়ার সময় আবেদনের সাথে তা দাখিল করতে হবে।
5. স্কিমের সম্পূর্ণ কাজ বাস্তবায়ন না করে কোন স্কিমের টাকা উত্তোলন করা যাবেনা।
6. স্কিমের কাজ শেষ হওয়ার পর সুপারভিশন কমিটিসহ ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা,২০২১ এবং PPR-2008 এর বিধি মোতাবেক টাকা উত্তোলন করতে হবে।
7. উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর এর ছাড়পত্র ছাড়া ব্যাংক থেকে টাকা উত্তোলন করা যাবেনা।
8. অগ্রিম কোন টাকা উত্তোলন করা যাবেনা।
9. সকল স্কিমের ভ্যাট ও আয়কর যথানিয়মে কর্তন করতে হবে এবং সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।
10. পিপিআর-২০০৮ এবং ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা,২০২১ এর আর্থিক বিধিবিধান অনুসরণ কর ইউনিয়ন পরিষদকে প্রকল্প বাস্তবায়ন করতে হবে।
11. বিজিসিসি'র অগ্রায়নকৃত স্কিম ব্যতীত কোন স্কিম সংযোজন,বিয়োজন বা নতুন স্কিম গ্রহণ করা যাবেনা।
12. বিল প্রদানের ক্ষেত্রে ঠিকাদারকে বিধি মোতাবেক ক্রস চেক প্রদান করতে হবে।
13. ব্যাংকের ম্যানেজার স্কিমের তথ্যাদি যাচাই-বাছাই সাপেক্ষে টাকা প্রদান করবেন।
14. বিগত অর্থ বছরসমূহের হিসাব নিরীক্ষার পর্যবেক্ষণসমূহ অনুসরণ করতে হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(লিটন ঢালী)
উপজেলা নির্বাহী অফিসার
ফরিদপুর সদর, ফরিদপুর।
মোবাইল: ০১৭০১৬৭০০২৪

স্মারক নং: ০৫.১২.২৯৪৭.০০০.৩২.০২৫.২৩-৫২২ তারিখ: ৩০/০৫/২০২৩ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

1. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ফরিদপুর-২।
2. প্রকল্প পরিচালক(যুগ্মসচিব), এলজিএসপি-৩, স্থানীয় সরকার বিভাগ, সিটি সেন্টার(লেভেল-১০), ৯০/১ মতিঝিল বা/এ, ঢাকা।
3. জেলা প্রশাসক, ফরিদপুর।
4. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
5. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
6. উপজেলা ......................................কর্মকর্তা, ফরিদপুর সদর, ফরিদপুর।
7. চেয়ারম্যান, .................................ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।
8. ব্যবস্থাপক,..........................................................................................................
9. জনাব ...........................................সদস্য, বিজিসিসি কমিটি, ফরিদপুর সদর, ফরিদপুর।
10. অফিস কপি।

(মোহাঃ আলমগীর কবির)
উপজেলা প্রকৌশলী
ফরিদপুর সদর, ফরিদপুর
মোবাইল: ০১৭৩৪৩৮৩৯০৮